**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশ ও রাজ্যের উন্নতির জন্য পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের আদর্শকে পাথেয় করে চলতে হবে ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের জনগণকে উন্নত স্বাস্থ্য পরিষেবা প্রদানে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ ।**

**(৩) সরকারের প্রধান উদ্যোগ মেক ইন ইন্ডিয়া আজ ১০ বছর পূর্ণ করেছে ।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় দ্বিতীয় দল হিসেবে রামকৃষ্ণ ক্লাব সুপার ফোরে উন্নিত হয়েছে ।**

*****************************************

**Pt. Deen Dayal Upadhyay :**

দেশজুড়ে আজ পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মদিন পালন করা হচ্ছে।

এ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়কে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেন যে মহান

জাতীয়তাবাদী চিন্তাবিদ দ্বারা প্রবর্তিত অন্ত্যোদয়ের ধারণা উন্নত ভারতের লক্ষ্য অর্জনে একটি অমূল্য ভূমিকা পালন করবে।

স্বরাষ্ট্রমন্ত্রী পণ্ডিত দীনদয়ালকে একজন দেশপ্রেমিক, অবিচ্ছেদ্য মানবতাবাদের পথপ্রদর্শক এবং মহান রাজনৈতিক চিন্তাবিদ হিসেবে উল্লেখ করেছেন।

প্রতিরক্ষা মন্ত্রী বলেছেন যে পণ্ডিত দীনদয়াল শুধু ভারত নয়, সমগ্র বিশ্বের কাছে একটি নতুন অর্থনৈতিক দর্শন তুলে ধরেছেন এবং রাজনীতিতে বিশুদ্ধতা ও সত্যের প্রতিষ্ঠা করেছেন।

****************************

**Dindayal Upadhyay-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশ ও রাজ্যের উন্নতির জন্য পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের আদর্শকে পাথেয় করে চলতে হবে। বর্তমানে সময়ে দীনদয়াল উপাধ্যায়ের ভাবনা অত্যন্ত প্রাসঙ্গিক। আজ আগরতলায় তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তীর রাজ্যভিত্তিক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন দীনদয়াল উপাধ্যায়ের আদর্শকে মর্যাদা দিয়ে রাজ্য বা কেন্দ্রীয় সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পগুলি প্রান্তিক মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী। পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের বিষয়ে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন দিল্লীর শ্যামাপ্রসাদ মুখার্জী ফাউন্ডেশনের চেয়ারম্যান ডঃ অনির্বান গাঙ্গুলি। তাছাড়া রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্যও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মরণোত্তর পন্ডিত দীনদয়াল উপাধ্যায় জাতীয় সংহতি পুরস্কার-২০২৪ সালের ব্রজেশ চক্রবর্তীকে দেওয়া হয়। সামাজিক

কাজ এবং জনসংযোগ রক্ষায় বিশেষ অবদানের জন্য তাঁর পরিবারের সদস্যা গায়িত্রী চক্রবর্তীর হাতে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ এই পুরস্কার তুলে দেন। পুরস্কার হিসেবে নগদ ১ লক্ষ টাকার চেক, স্মারক, মানপত্র শাল দেওয়া হয়। আজকের এই অনুষ্ঠানে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জীবনী নিয়ে একটি স্বল্প দৈর্ঘ্যের তথ্যচিত্র প্রদর্শিত হয়।

****************************

**Dindayal Upadhyay-Unakoti :**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উপলক্ষে ভগৎ সিং হলে তথ্য-সংস্কৃতি দপ্তর ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের যৌথ উদ্দোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। তিনি তাঁর ভাষনে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানের শুরুতে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন,তথ্য-সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা বিশ্বজিৎ দেব।

**************************

**Dindayal Upadhyay-Sepahijala :**

পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্ম জয়ন্তী উপলক্ষে আজ সিপাহীজলা জেলার চড়িলামের ছেচড়িমাই গ্রাম পঞ্চায়েতে এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। ছেচড়িমাই গ্রাম পঞ্চায়েতের সহায়তায় পন্ডিত দীনদয়াল উপাধ্যায় মানব কল্যাণ সমিতি ও তনুশ্রী সোশ্যাল ওয়েল ফেয়ার সোসাইটি আগরতলার যৌথ উদ্যোগে আয়োজিত এই স্বাস্থ্য শিবিরের উদ্বোধন করেন রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক অন্তরা

সরকার দেব, চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন খেলা ভৌমিক প্রমুখ। স্বাস্থ্য শিবিরে বিভিন্ন গ্রামের প্রায় ৫ শতাধিক মানুষ চিকিৎসার পাশাপাশি বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়।

***************************

**Dindayal Upadhyay-Khowai :**

খোয়াই মহকুমা তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ খোয়াই শহরের কোহিনুর প্রাঙ্গণে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা, খোয়াই মহকুমা তথ্য আধিকারিক দুলাল দেববর্মা প্রমুখ।

বিজেপি খোয়াই মন্ডল কার্যালয় ও জেলা কার্যালয়েও আজ পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্ম জয়ন্তী পালন করা হয়।

***************************

**Dinadayal Upadhyay-BJP :**

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী পালন করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য। তিনি বলেন সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস, সবকা প্রয়াস পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের এই বাণীকে আদর্শ করেই এগিয়ে চলেছে বিজেপি। অনুষ্ঠানে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস সহ প্রদেশ বিজেপির অন্যান্য কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

*****************************

**World Pharmacist Day-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের জনগণকে উন্নত স্বাস্থ্য পরিষেবা প্রদানে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, এই লক্ষ্যে চিকিৎসক, স্বাস্থ্যকর্মী সহ

ফার্মাসিস্টরা স্বাস্থ্য পরিষেবা প্রদানে দায়বদ্ধভাবে কাজ করে চলছেন। আজ আগরতলার অভয়নগরস্থিত রিপস্যাট কলেজ প্রাঙ্গণে বিশ্ব ফার্মাসিস্ট দিবস উদযাপন অনুষ্ঠান উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রিপস্যাটের উন্নয়নে রাজ্য সরকারও সচেষ্ট রয়েছে। এই প্রতিষ্ঠানের পড়াশোনার গতি আরও বাড়ানোর লক্ষ্যে প্রয়োজনীয় ফ্যাকাল্টি নিয়োগের জন্যও স্বাস্থ্য দপ্তরকে বলা হয়েছে। বর্তমানে রাজ্যের ছেলেমেয়েরা রিপস্যাটেই বি- ফার্ম, ডি-ফার্ম, এম-ফার্ম কোর্সে পড়াশোনা করার সুযোগ পাচ্ছে।

অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, স্বাস্থ্য পরিষেবা প্রদানের ক্ষেত্রে ফার্মাসিস্টদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আগামীদিনে স্বাস্থ্যক্ষেত্রে নিত্য নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় ফার্মাসিস্টদের প্রস্তুত থাকতে হবে। রিপস্যাটের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর (ডা) ঋষিরাজ ছেত্রী বলেন, এবছর বিশ্ব ফার্মাসিস্ট দিবসের মূল ভাবনা হচ্ছে-'ফার্মাসিস্ট: মিটিং গ্লোবাল হেলথ্ নিডস্'। অনুষ্ঠানে রিপস্যাটের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে ২৫,০০১ টাকা প্রদান করা হয়। মুখ্যমন্ত্রী আজ রিপস্যাট কলেজের ৪০ শয্যাবিশিষ্ট ছাত্রী আবাসেরও উদ্বোধন করেন।

***************************

**Make in India :**

সরকারের প্রধান উদ্যোগ মেক ইন ইন্ডিয়া আজ ১০ বছর পূর্ণ করেছে। এই সময়ের মধ্যে, সরকার বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ বাস্তবায়ন করেছে যা ভারতের উৎপাদন মানচিত্রে বিপ্লব এনেছে এবং আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে শক্তিশালী করেছে। ২০১৪ সালের ২৫শে সেপ্টেম্বর মোদি সরকার বিনিয়োগের সুবিধার্থে, উদ্ভাবনকে উৎসাহিত করতে, বিশ্ব-মানের পরিকাঠামো তৈরি করতে এবং ভারতকে উৎপাদন, নকশা এবং উদ্ভাবনের কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য মেক ইন ইন্ডিয়া উদ্যোগ চালু করেছিল। মহাকাশ থেকে সেমিকন্ডাক্টর এবং ইলেকট্রনিক্স থেকে

বৈদ্যুতিক যানের মাধ্যমে, মেক ইন ইন্ডিয়া বাস্তবে পরিণত হয়েছে। এই উদ্যোগটি চালু হওয়ার পর থেকে, ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মোবাইল প্রস্তুতকারক হয়ে উঠেছে, মোবাইল ফোনের আমদানি প্রায় ৮৫ শতাংশ কমেছে। গত এক দশকে, ভারত প্রতি ঘন্টায় একটি স্টার্টআপ চালু করেছে, প্রায় 1.5 মিলিয়ন কর্মসংস্থান সৃষ্টি করেছে। এই উদ্যোগের ফলে কোভিড ভ্যাকসিন উৎপাদনে ভারত নেতৃত্ব দিয়েছে। একই সময়ে, ভারতের প্রথম দেশীয় সেমি-হাই-স্পিড ট্রেন, বন্দে ভারত, যাত্রীদের জন্য একটি চমৎকার অভিজ্ঞতা প্রদান করছে। এছাড়াও UPI-এর সাফল্যের মাধ্যমে ভারত ডিজিটাল পেমেন্টের ক্ষেত্রে আধিপত্য বজায় রেখেছে।

*************************

**PM-Make in India :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মেক ইন ইন্ডিয়া উদ্যোগের ১০ বছর পূর্ণ হওয়ার প্রশংসা করেছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন যে 'মেক ইন ইন্ডিয়া' ১৪০কোটি ভারতীয়দের সম্মিলিত সংকল্পের মাধ্যমে দেশকে একটি উৎপাদন এবং উদ্ভাবনী শক্তিকেন্দ্রে রূপান্তরিত করার চিত্র তুলে ধরে। তিনি সমস্ত সম্ভাব্য উপায়ে 'মেক ইন ইন্ডিয়া'কে উৎসাহিত করার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। গত এক দশক ধরে এই আন্দোলনকে সফল করার জন্য যারা অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তাদের সবাইকে তিনি সাধুবাদ জানান। তিনি বলেন যে সংস্কারের ক্ষেত্রে ভারতের অগ্রগতি অব্যাহত থাকবে এবং আমরা একসাথে আত্মনির্ভর এবং বিকশিত ভারত গড়ে তুলব।

**************************

**Swacchata Hi Seva :**

স্বচ্ছতা ই সেবা কর্মসূচীতে বিলোনিয়া পুর পরিষদের উদ্যোগে আজ বিলোনিয়া শহরের গিরিধারী আশ্রমের কাছে সাফাই

অভিযান করা হয়। অভিযানে বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপার্সন, কাউন্সিলরগন, জেলা শাসক, মহকুমা শাসক অংশ গ্রহন করেন।

এই কর্মসূচীতে আজ সোনামুড়াতেও সোনামুড়া নগর পঞ্চায়েতের উদ্যোগে নগর পঞ্চায়েত এলাকায় সাফাই অভিযান করা হয়।

অন্যদিকে খোয়াই পুর পরিষদের উদ্যোগেও আজ খোয়াই পুর এলাকায় স্বচ্ছতাই সেবা কর্মসুচী হিসাবে জনসচেতনতা মূলক পদযাত্রার আয়োজন করা হয়। পদযাত্রায় খোয়াই পুর পরিষদের চেয়ারম্যান ভাইস চেয়ারপাসর্ন, কাউন্সিলরগন অংশ নেন।

স্বচ্ছতাই সেবা কর্মসূচীর অঙ্গ হিসাবে আজ্ আগরতলা পুর নিগমের অন্তর্গত ৩৪ নম্বর ওয়ার্ডের উদ্যোগে 'এক পেড় মা কে নাম' কর্মসুচীতে গাছ লাগানো হয়। এলাকায় সাফাই করা হয়।

******************************************

**Press Meet-Tourism Minister :**

আগামী ২৭শে সেপ্টেম্বর বিশ্ব পর্যটন দিবস, রাজ্যেও নানা কর্মসূচির মধ্য দিয়ে উদযাপন করা হবে। আজ আগরতলার এক সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা জানিয়ে বলেন, এবছর পর্যটন দিবসের মূল ভাবনা হল 'পর্যটন এবং শান্তি'। আজ থেকেই রাজ্যে বিশ্ব পর্যটন দিবসের কর্মসূচি শুরু হয়ে গেছে।

আজ পর্যটন অনুরাগীদের নিয়ে পর্যটন নিগমের আর্থিক সহায়তায় আগরতলা থেকে চোত্তাখলাস্থিত ভারত-বাংলাদেশ মৈত্রী উদ্যান ভ্রমণের উদ্যোগ নেওয়া হয়েছে। পর্যটন নিগমের উদ্যোগে আগামীকাল গান্ধীগ্রামস্থিত 'সান্ধ্যনীড়' বৃদ্ধাশ্রমের আবাসিকদের বিভিন্ন পর্যটন হলে ঘুরিয়ে দেখানো হবে। আমতলী বৃদ্ধাশ্রমের আবাসিকদের মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির দর্শন করানো হবে। এছাড়া বৃদ্ধাশ্রমের সকল আবাসিকদের মধ্যে বস্ত্র বিতরণ করা হবে।

পর্যটন মন্ত্রী জানান, ২৭শে সেপ্টেম্বর সন্ধ্যা ৬টায় উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে তিনদিন ব্যাপী পর্যটন দিবস উদযাপনের সমাপ্তি দিনে মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে। উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এবারের বন্যায় যারা অসীম সাহসিকতার সঙ্গে মানুষের জীবন রক্ষা করেছেন তাদের সম্মান জানানো হবে। অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক সন্ধ্যা।

ঐদিন সকালে একটি শান্তি র‍্যালিও আয়োজন করা হবে। এই র‍্যালির সূচনা করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। 'পর্যটন ও শান্তি' এই মূল ভাবনাকে নিয়ে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে একটি বিশেষ সেমিনার আয়োজন করা হবে। পর্যটন মন্ত্রী আরো জানান, রাজ্যে পর্যটনের ব্যান্ড অ্যাম্বাসেডর সৌরভ গাঙ্গুলী ৫টি জেলার ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সহায়তা প্রদানে এগিয়ে এসেছেন।

**************************

**Swachchata Hi Seva-Ratan Lal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার স্ব-সহায়ক দলদের মাধ্যমে গ্রামীন এলাকার মহিলাদের আর্থিকভাবে সচ্ছল করার চেষ্টা করছে। আজ স্বচ্ছতা হি সেবা-২০২৪ কর্মসূচির অঙ্গ হিসাবে মোহনপুর পুর পরিষদের উদ্যোগে মোহনপুর স্কুল চত্বরে আয়োজিত তিনদিন ব্যাপি সাংস্কৃতিক ও খাদ্য উৎসবের উদ্বোধন করেন মন্ত্রী শ্রীনাথ। তিনি বলেন, স্বচ্ছতা অভিযান করতে হবে নিঃস্বার্থভাবে। আমাদের চারপাশকে স্বচ্ছ করে রাখতে সবাইকে দায়িত্ব নিতে হবে। তিনি মহাত্মা গান্ধীর উদাহরণ দিয়ে বলেন, স্বাধীনতা সংগ্রামে প্রধান ভূমিকা নিলেও দেশ স্বাধীন হওয়ার পর প্রধানমন্ত্রী আসনে বসেননি মহাত্মা গান্ধী। তিনি শান্তির বার্তা ছড়িয়ে দিয়েছিলেন গোটা পৃথিবীতে। তার আদর্শে সবাইকে কাজ করতে হবে। উৎসবে বিভিন্ন স্ব-সহায়ক দলগুলির তৈরি খাদ্য সামগ্রীর স্টল খোলা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুরের মহকুমা শাসক সুভাষ দত্ত, জেলা পরিষদের সদস্য জয়নাল দা সহ অন্যরা।

****************************

**Science Drama-Sepahijala :**

বিদ্যালয় পর্যায়ের সিপাহীজলা জেলাভিত্তিক বিজ্ঞান নাটক প্রতিযোগিতা আজ বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। ত্রিপুরা স্টেট কাউন্সিল ফর সায়েন্স এন্ড টেকনোলজি ও সিপাহীজলা জেলা শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই নাটক প্রতিযোগিতায় জেলার অন্তর্গত ১২টি বিদ্যালয় থেকে ১২টি নাট্যদল অংশ গ্রহণ করে। অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। এই নাটক প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে সোনামুড়া ইংলিশ মিডিয়াম স্কুল, দ্বিতীয় মেলাঘর ইংলিশ মিডিয়াম স্কুল ও তৃতীয় স্থান অধিকার করে বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়।

**************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় দ্বিতীয় দল হিসেবে রামকৃষ্ণ ক্লাব সুপার ফোরে উন্নিত হয়েছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে ব্লাডমাউথ ক্লাব ও রামকৃষ্ণ ক্লাবের খেলাটি ২-২ গোলে ড্র হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়। রামকৃষ্ণ ক্লাব ১৭ পয়েন্ট নিয়ে সুপার ফোরে জায়গা করে নেয়। এর আগে এগিয়ে চলো সংঘ প্রথম দল হিসেবে সুপার ফোরে উঠেছে।

****************************

**Weather :**

আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ ভারি বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ২৫ দশমিক ১

মিলিমিটার। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস। বাংলাদেশের উপরে ঘূর্ণাবর্তার কারণে রাজ্যে এই বৃষ্টিপাত হচ্ছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা যায়।

***************************